দৈনিক জনকণ্ঠ

২৬/৭/২০০২

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৮

শিক্ষক সমিতি ফেডারেশনের বিবৃতি

# পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে শিক্ষক নিয়োগের দাবি

স্টাফ রিপোর্টার ॥ তৃতীয় বিভাগ ইস্যুতে বেসরকারী শিক্ষকদের প্রতিপক্ষ দু'টি শিক্ষক সংগঠনের পরস্পরবিরোধী বক্তব্য অব্যাহত রয়েছে। বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন বলেছে, অধিকার হিসাবে নয়, সম্পূর্ণ মানবিক বিবেচনায় গত বছর ২৪ আগস্টের পূর্বে নিয়োগপ্রাপ্ত তৃতীয় বিভাগধারী শিক্ষকদের এমপিওভুক্তি নিশ্চিত করা হয়েছে। আর শিক্ষক কর্মচারী ঐক্যজোট নেতৃবৃন্দ বলেছেন, তৃতীয় বিভাগধারী শিক্ষকদের এমপিওভুক্তি ও টাকা পাওয়ার সুযোগ এখনও সৃষ্টি হয়নি। তাছাড়া ফেডারেশন নয়, শিক্ষা অধিদফতর এই টাকা দেবার মালিক হলেও ভুয়া বিবৃতি দিয়ে শিক্ষকদের হয়রানি করা হচ্ছে বলে জোট নেতৃবৃন্দ অভিযোগ করেন।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন নেতৃবৃন্দ বলেন, কেবল মানবিক বিবেচনায় ২৪ আগস্টের আগে নিয়োগপ্রাপ্ত তৃতীয় বিভাগধারী শিক্ষকদের এমপিওভুক্তির যে দাবি ফেডারেশন করেছিল তা নিশ্চিত হয়েছে। কিন্তু তাই বলে তৃতীয় বিভাগধারীদের নিয়োগ বহাল থাকুক এটা ফেডারেশন চায় না। শিক্ষার গুণগত মান উন্নয়নে ফেডারেশন পাবলিক সার্ভিস কমিশন বা অনুরূপ ব্যবস্থায় শিক্ষক নিয়োগের জোর দাবি জানিয়ে আসছে। নেতৃবৃন্দ আরও বলেন, অন্যদের মতো ফেডারেশন কেবল অর্থনৈতিক দাবির মধ্যে নিজেদের সীমাবদ্ধ রাখতে চায় না। ফেডারেশনের পক্ষে বিবৃতি দেন চেয়ারম্যান শেখ আমানুল্লাহ, সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যক্ষ আসাদুল হক প্রমুখ।

এদিকে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের এক সভায় তৃতীয় বিভাগধারী শিক্ষকদের নিয়ে শিক্ষক সমিতি ফেডারেশনের চার শর্ত সংবলিত বিবৃতির তীব্র সমালোচনা করে বলা হয়েছে, তৃতীয় বিভাগধারী ৩০ হাজার শিক্ষক বিধি অনুযায়ী নিয়োগ পেয়েছেন। তাঁদের এমপিওভুক্তি নিয়ে জটিল পরিস্থিতি সৃষ্টির জন্য সভায় শিক্ষক সমিতি ফেডারেশনকে দায়ী করা হয়েছে। মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজে অধ্যাপক এম শরীফুল ইসলামের সভাপতিত্বে সভায় জোটের সমন্বয়কারী মোঃ সেলিম ভূইয়া, কাজী আঃ রাজ্জাক, মাওলানা এসএ লতিফ, অধ্যক্ষ মাজহারুল হান্নান ও শফিকুল আলম বক্তৃতা করেন।